## PART—A

## Child Development & Pedagogy

### *English Version*

1. If *List-I* is matched logically with *List-II*, what will be the correct option among (A), (B), (C) and (D)?

| *List-I* (*Levels of Teaching*) | *List-II* (*Learning Outcomes*) |
|---|---|
| (a) Memory Level | (i) Assessing own learning |
| (b) Understanding Level | (ii) Recalling and reproducing information |
| (c) Reflective Level | (iii) Establishing the cause-effect relationship |

*Codes:*

| | (a) | (b) | (c) |
|---|---|---|---|
| (A) | (ii) | (iii) | (i) |
| (B) | (ii) | (i) | (iii) |
| (C) | (i) | (ii) | (iii) |
| (D) | (iii) | (ii) | (i) |

2. The rules for when and how to use language in a particular culture is called—
   (A) Syntax
   (B) Pragmatics
   (C) Phonetics
   (D) Semantics

3. *Assertion (A)* : Continuous and Comprehensive Evaluation (CCE) solely focuses on academic achievements and examination results.

   *Reason (R)* : CCE incorporates both formative and summative assessments to provide a comprehensive view of students' overall development.

   Choose the correct answer from the options given below:
   (A) Both *(A)* and *(R)* are true, and *(R)* is the correct explanation of *(A)*
   (B) Both *(A)* and *(R)* are true, but *(R)* is not the correct explanation of *(A)*
   (C) *(A)* is true, but *(R)* is false
   (D) *(A)* is false, but *(R)* is true

4. The relevant question corresponding to reflective level of teaching will be—
   (A) Explain the essential differences between a cat and a rat.
   (B) What is the past tense of the verb 'come'?
   (C) Describe the geographical location of Assam.
   (D) Had Hilsa fish lived long out of water, what would be your explanation?

5. Which one of the following is the most suitable for storytelling to the learners of class I?
   (A) Drawing pictures on the board
   (B) Asking questions to individual learners
   (C) Using voice modulation and gesturing
   (D) Asking learners to listen attentively

### *Bengali Version*

1. যদি *তালিকা I*-এর সঙ্গে *তালিকা II*-এর যুক্তিসঙ্গত সম্পর্ক স্থাপন করা যায়, তাহলে পছন্দ (A), (B), (C) ও (D)-এর মধ্যে কোনটি সঠিক পছন্দ হবে?

| *তালিকা I* (*শিক্ষণের স্তরসমূহ*) | *তালিকা II* (*শিখন পরিণামসমূহ*) |
|---|---|
| (a) স্মৃতির স্তর | (i) আত্মশিখনের মূল্যায়ন |
| (b) বোধগম্যতার স্তর | (ii) তথ্যের পুনরুদ্রেক এবং পুনরুৎপাদন |
| (c) প্রতিফলন স্তর | (iii) কার্য-কারণ সম্পর্কের প্রতিষ্ঠা করা |

*কোড :*

| | (a) | (b) | (c) |
|---|---|---|---|
| (A) | (ii) | (iii) | (i) |
| (B) | (ii) | (i) | (iii) |
| (C) | (i) | (ii) | (iii) |
| (D) | (iii) | (ii) | (i) |

2. কোনো একটি বিশেষ সংস্কৃতিতে কখন এবং কীভাবে ভাষা ব্যবহার করা হবে, তার নিয়মাবলীকে বলা হয়—
   (A) সিনট্যাক্স
   (B) প্র্যাগম্যাটিক্স
   (C) ফোনেটিক্স
   (D) সিমানটিক্স

3. *বিবৃতি (A)* : ধারাবাহিক এবং সার্বিক মূল্যায়ন সম্পূর্ণরূপে শিক্ষাগত কৃতিত্ব এবং পরীক্ষার ফলাফলের ওপর দৃষ্টি নিবদ্ধ রাখে।

   *যুক্তি (R)* : ধারাবাহিক এবং সার্বিক মূল্যায়ন শিক্ষার্থীদের বিকাশের একটি ব্যাপক দৃষ্টিভঙ্গি প্রদানের জন্য গঠনমূলক এবং সামগ্রিক মূল্যায়ন উভয়কেই অন্তর্ভুক্ত করে।

   নীচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিন :
   (A) *(A)* এবং *(R)* উভয়েই সত্য, এবং *(R)* হল *(A)*-এর পরিপ্রেক্ষিতে সঠিক ব্যাখ্যা
   (B) *(A)* এবং *(R)* উভয়েই সত্য, কিন্তু *(R)*, *(A)*-এর পরিপ্রেক্ষিতে সঠিক ব্যাখ্যা নয়
   (C) *(A)* হল সত্য, কিন্তু *(R)* হল মিথ্যা
   (D) *(A)* হল মিথ্যা, কিন্তু *(R)* হল সত্য

4. সক্রিয় চিন্তন স্তরের শিক্ষণের প্রাসঙ্গিক প্রশ্নটি হবে—
   (A) বিড়াল ও ইঁদুরের মধ্যে অত্যাবশ্যক পার্থক্যগুলি ব্যাখ্যা করো।
   (B) ইংরেজিতে 'come'-ক্রিয়ার অতীত কাল কী?
   (C) আসামের ভৌগোলিক অবস্থান বর্ণনা করো।
   (D) যদি ইলিশ মাছ জলের বাইরে অনেকক্ষণ বেঁচে থাকত তাহলে তোমার ব্যাখ্যা কী হত?

5. প্রথম শ্রেণির শিক্ষার্থীদের গল্প বলার ক্ষেত্রে নিম্নোক্ত চারটির কোনটি সর্বাপেক্ষা উপযুক্ত হবে?
   (A) বোর্ডে ছবি আঁকা
   (B) প্রত্যেক শিক্ষার্থীকে পৃথকভাবে প্রশ্ন করা
   (C) গলার স্বরের সঞ্চারণ-নিয়ন্ত্রণ ও অঙ্গভঙ্গি করা
   (D) শিক্ষার্থীদের মনোযোগ সহকারে শুনতে বলা

## PART—A

### *Child Development & Pedagogy*

### *English Version*

**6. Child's inability to understand a situation from another person's point of view is called—**

(A) Object permanence (B) Centration
(C) Ego-centric thinking (D) Transductive thinking

**7. For an individual learning, the unnecessary item is—**

(A) Immediate feedback
(B) Criterion Referenced Test
(C) Norm Referenced Test
(D) Cueing

**8. According to Kohlberg, the level of moral development, in which an individual judges morality in terms of abstract principle is—**

(A) Pre-conventional (B) Conventional
(C) Post-conventional (D) Both conventional and Post-conventional

**9. Consider the following statements.**

**(i) Developmental milestones are fixed and identical for all individuals.**
**(ii) Growth is influenced by heredity and environment.**
**(iii) Maturation involves the unfolding of inherited biological potential.**
**(iv) Development is solely influenced by heredity.**

**Which of the following options is correct?**

(A) Only (i) (B) (ii) and (iii)
(C) (ii), (iii) and (iv) (D) Only (ii)

**10. Deficit based approach in inclusive education is discourageable, because—**

(A) it allows teacher to discard the weakness of the learner
(B) it allows teacher to eliminate learning-teaching materials as per necessity
(C) it does not empower the teacher to give due importance to the learning ability of the learner
(D) it empowers the teacher to emphasise the learning abilities of the learner

**11. When learners try to think within the given information, it is called—**

(A) Concrete thinking (B) Abstract thinking
(C) Convergent thinking (D) Divergent thinking

**12. The learning associated with computer literacy training is—**

(A) Associative learning (B) Concept learning
(C) Procedural learning (D) Factual learning

### *Bengali Version*

**6.** অন্যের দৃষ্টিভঙ্গি দিয়ে শিশুর কোনো অবস্থা বোঝার অক্ষমতাকে বলে—

(A) বস্তুর স্থায়িত্বের ধারণা (B) এককেন্দ্রিক চিন্তন
(C) আত্মকেন্দ্রিক চিন্তন (D) অবযুক্তিমূলক চিন্তন

**7.** ব্যক্তিগত শিখনের ক্ষেত্রে অনাবশ্যক বিষয়টি হল—

(A) তাৎক্ষণিক প্রতিবার্তা
(B) মানদণ্ড (Criterion) উল্লিখিত অভীক্ষা
(C) নর্ম ভিত্তিক অভীক্ষা
(D) সংকেত প্রদান

**8.** কোহ্‌লবার্গের মতে, যে নৈতিক বিকাশের স্তরে কোনো ব্যক্তি বিমূর্তনীতির ভিত্তিতে নৈতিকতার বিচার করেন, তা হল—

(A) প্রাক্-প্রথাগত (B) প্রথাগত
(C) উত্তর-প্রথাগত (D) প্রথাগত ও উত্তর-প্রথাগত উভয়ই

**9.** নিম্নোক্ত বিবৃতিগুলি বিবেচনা করুন।

(i) ধারাবাহিক উন্নয়ন ক্রম নির্দিষ্ট এবং সমস্ত ব্যক্তির ক্ষেত্রে একই রকম।
(ii) বৃদ্ধি বংশগতি এবং পরিবেশের দ্বারা প্রভাবিত হয়।
(iii) জন্মগত জৈবিক প্রবণতার প্রকাশ হল পরিণমন।
(iv) বিকাশ একমাত্র বংশগতির দ্বারা প্রভাবিত হয়।

নীচের কোন্ বিকল্পটি সঠিক?

(A) একমাত্র (i) (B) (ii) এবং (iii)
(C) (ii), (iii) এবং (iv) (D) একমাত্র (ii)

**10.** অন্তর্ভুক্তিমূলক শিক্ষায় ঘাটতিভিত্তিক ধারা (**Deficit based approach**)-র প্রয়োগ অনুৎসাহিত করা হয়, কারণ—

(A) এটি শিক্ষিকা/শিক্ষককে শিক্ষার্থীর দুর্বলতাকে বাদ দিয়ে রাখার সুযোগ দেয়
(B) এটি শিক্ষিকা/শিক্ষককে শিখন-শিক্ষণ সামগ্রীকে প্রয়োজন অনুসারে বাতিল করতে সুযোগ দেয়
(C) এটি শিক্ষিকা/শিক্ষককে শিক্ষার্থীর শিখন-সক্ষমতাকে যথাযথ গুরুত্বদানে সক্ষম করে তোলে না
(D) এটি শিক্ষিকা/শিক্ষককে শিক্ষার্থীর শিখন-সক্ষমতাকে গুরুত্বদানে সক্ষম করে তোলে

**11.** যখন শিক্ষার্থীরা প্রদত্ত তথ্যের মধ্য থেকে চিন্তনের চেষ্টা করে, তখন তাকে বলা হয়—

(A) মূর্ত চিন্তন (B) বিমূর্ত চিন্তন
(C) অভিসারী চিন্তন (D) অপসারী চিন্তন

**12.** কম্পিউটার সাক্ষরতার প্রশিক্ষণের সঙ্গে যুক্ত শিখনটি হল—

(A) সংযোগ শিখন (B) ধারণা শিখন
(C) পদ্ধতিগত শিখন (D) তথ্যগত শিখন

## PART—A

### *Child Development & Pedagogy*

### *English Version*

**13. Which one of the following statements is inappropriate in reference to Evaluation & Assessment?**

(A) Continuous and Comprehensive Evaluation covers both Scholastic and Co-scholastic aspects of students

(B) Diagnostic test is related to remediation

(C) Formative evaluation does not measure instructional progress in classroom situation

(D) Summative assessment is a tool of evaluation used by the teacher at the end of the whole instructional process

**14. In Maslow's hierarchy of needs, self-actualization is analogous to—**

(A) extrinsic motivation (B) need for achievement

(C) reward and punishment (D) intelligence

**15. According to Bruner, the stages of learning in increasing order are—**

(A) enactive, iconic, symbolic

(B) symbolic, enactive, iconic

(C) iconic, symbolic, enactive

(D) preoperation, enactive, iconic

**16. Consider the following statements about Bloom's Taxonomy of Instructional Objectives and Learning Outcomes:**

**(i) It categorizes learning objectives ranging from lower-order thinking to higher-order thinking skills.**

**(ii) The lowest level of Bloom's Taxonomy is 'Creating', which involves generating new ideas and original concepts.**

**(iii) 'Analyzing' is a higher-order thinking skill in Bloom's Taxonomy that involves breaking down information into parts and understanding relationships.**

**(iv) It assesses students' memorization skills and factual knowledge.**

**Which of the four options is correct?**

(A) Only (i) (B) (i) and (iii)

(C) (ii) and (iii) (D) (ii), (iii) and (iv)

**17. Which of the following is assumed to remain same up to a certain period of human life?**

(A) Mental Age (B) Chronological Age

(C) Intelligence Quotient (D) Body height

**18. The students of a class could not complete their answers during class hours. So a part of recess was curtailed to provide more time. This is an example of—**

(A) positive punishment (B) negative punishment

(C) retroactive inhibition (D) negative reinforcement

### *Bengali Version*

**13.** মূল্যায়ন ও অ্যাসেসমেন্ট -এর পরিপ্রেক্ষিতে নীচের কোন্ বিবৃতিটি অনুপযুক্ত?

(A) নিরবচ্ছিন্ন সার্বিক মূল্যায়ন শিক্ষার্থীর শিক্ষা ও সহ-শিক্ষা সংক্রান্ত উভয় দিকগুলি যাচাই করে

(B) নির্ণায়ক অভীক্ষা সংশোধনী ব্যবস্থার সঙ্গে সম্পর্কযুক্ত

(C) প্রস্তুতিকালীন মূল্যায়ন শ্রেণিকক্ষে পাঠের অগ্রগতি পরিমাপ করে না

(D) সমগ্র নির্দেশনামূলক প্রক্রিয়ার পর শিক্ষিকা/শিক্ষক সামেটিভ অ্যাসেসমেন্ট কৌশলটি ব্যবহার করেন

**14.** ম্যাসলোর চাহিদার উচ্চক্রমিক পর্যায় তত্ত্বে আত্মপ্রতিষ্ঠার চাহিদার প্রতিতুল্য হল—

(A) বাহ্যিক প্রেষণা (B) সাফল্যের চাহিদা

(C) পুরস্কার ও শাস্তি (D) বুদ্ধি

**15.** ব্রুনারের তত্ত্ব অনুযায়ী ঊর্ধ্বক্রমে শিখনের স্তরগুলি হল—

(A) সক্রিয়তামূলক, মূর্ততাধর্মী, সাংকেতিক

(B) সাংকেতিক, সক্রিয়তামূলক, মূর্ততাধর্মী

(C) মূর্ততাধর্মী, সাংকেতিক, সক্রিয়তামূলক

(D) প্রাক্‌মানসিক সক্রিয়তাধর্মী, সক্রিয়তামূলক, মূর্ততাধর্মী

**16.** ব্লুমের নির্দেশনামূলক উদ্দেশ্যসমূহ এবং শিখন ফলাফলসমূহের শ্রেণিবিন্যাস সম্পর্কে নিম্নলিখিত বিবৃতিগুলি বিবেচনা করুন :

(i) এটি নিম্নক্রম চিন্তন থেকে উচ্চক্রম চিন্তন দক্ষতা পর্যন্ত শিখন উদ্দেশ্যগুলিকে শ্রেণিবদ্ধ করে।

(ii) ব্লুমের শ্রেণিবিন্যাসের সর্বনিম্ন স্তরটি হল 'সৃষ্টি করা' যা নতুন ধারণা তৈরি করে এবং মৌলিক ধারণা সৃষ্টি অন্তর্ভুক্ত করে।

(iii) 'বিশ্লেষণ' হল ব্লুমের শ্রেণিবিন্যাসের একটি উচ্চক্রমের চিন্তন দক্ষতা যা তথ্যকে অংশে বিভক্ত করে এবং সম্পর্কের বোধগম্যতাকে অন্তর্ভুক্ত করে।

(iv) এটি শিক্ষার্থীদের কেবল মুখস্থকরণ দক্ষতা এবং বাস্তবজ্ঞান মূল্যায়ন করে।

নীচের চারটি উত্তরের মধ্যে কোন্‌টি সঠিক?

(A) একমাত্র (i) (B) (i) এবং (iii)

(C) (ii) এবং (iii) (D) (ii), (iii) এবং (iv)

**17.** নীচের কোন্‌টি মানবজীবনের একটা সময় পর্যন্ত একই থাকে বলে মনে করা হয়?

(A) মানসিক বয়স (B) সময়গত বয়স

(C) বুদ্ধ্যঙ্ক (D) দৈহিক উচ্চতা

**18.** ক্লাসের নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীরা কাজ শেষ না করতে পারায় বিরতির কিছু সময় কেটে কাজের সময় বাড়ানো হল। এটি যার উদাহরণ—

(A) ইতিবাচক শাস্তি (B) নেতিবাচক শাস্তি

(C) পশ্চাৎবর্তী বাধা (D) নেতিবাচক প্রবলক

## PART—A

### *Child Development & Pedagogy*

*English Version*

**19.** Match *List-I* with *List-II*:

| *List-I* | *List-II* |
|---|---|
| (a) Self-esteem needs | (i) Shelter |
| (b) Self-actualization needs | (ii) Meaningful relationship |
| (c) Safety needs | (iii) Realizing one's potential |
| (d) Belongingness needs | (iv) Refrain from anxiety |
| | (v) Recognition from others |

Now, choose the correct option.

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (v) | (iii) | (iv) | (ii) |
| (D) | (v) | (iv) | (ii) | (iii) |

**20.** Match *List-I* with *List-II* and select which of (A), (B), (C) and (D) is the correct matching.

| *List-I* (*Learning phases as per 5E model*) | *List-II* (*Features*) |
|---|---|
| (a) Engagement | (i) Learners delve deeper into the topic, make connections and apply concepts to real-world scenario |
| (b) Exploration | (ii) Hands-on activities and participation in enquiry to strengthen learners' understanding |
| (c) Explanation | (iii) Attention-grabbing activities to encourage learners' interest |
| (d) Elaboration | (iv) Judging learning outcomes |
| | (v) In-depth discussion of concepts and theories to provide learners with foundational knowledge |

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (ii) | (v) |
| (C) | (iii) | (ii) | (v) | (i) |
| (D) | (iii) | (ii) | (i) | (v) |

**21.** One of two learners of same class obtained 45 and the second one 90 in the same test of same subject. So we may say—

(A) Second possesses twice the skill of the first

(B) Second's knowledge is twice that of the first

(C) Second got half the marks of the first

(D) First got 45 marks less than that of the second

*Bengali Version*

**19.** *তালিকা I*-এর সঙ্গে *তালিকা II* মেলান :

| *তালিকা-I* | *তালিকা-II* |
|---|---|
| (a) আত্ম শ্রদ্ধার চাহিদা | (i) আশ্রয় |
| (b) আত্ম প্রতিষ্ঠার চাহিদা | (ii) অর্থপূর্ণ সম্পর্ক |
| (c) নিরাপত্তার চাহিদা | (iii) আত্ম সম্ভাবনার উপলব্ধি |
| (d) একাত্মতার চাহিদা | (iv) উদ্বেগ থেকে মুক্তি |
| | (v) অন্যের কাছ থেকে স্বীকৃতিলাভ |

এখন, সঠিক উত্তরটি বাছুন।

*কোড* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (ii) | (iii) | (iv) | (i) |
| (C) | (v) | (iii) | (iv) | (ii) |
| (D) | (v) | (iv) | (ii) | (iii) |

**20.** *তালিকা I*-এর সঙ্গে *তালিকা II*-কে ঠিকভাবে মেলান এবং নির্বাচন করুন (A), (B), (C) ও (D)-এর মধ্যে কোন্‌টি সঠিক।

| *তালিকা I* (*5E মডেল অনুযায়ী শিখনের পর্যায়সমূহ*) | *তালিকা II* (*বৈশিষ্ট্যসমূহ*) |
|---|---|
| (a) নিযুক্তি | (i) শিক্ষার্থীরা বিষয় অনুসন্ধান করে, সংযোগ স্থাপন করে এবং বাস্তবক্ষেত্রে ধারণার প্রয়োগ করে |
| (b) অন্বেষণ | (ii) শিক্ষার্থীদের বোধকে শক্তিশালী করার জন্য হাতেকলমে কার্যসম্পাদন এবং অন্বেষণে অংশগ্রহণ |
| (c) ব্যাখ্যাকরণ | (iii) শিক্ষার্থীদের আগ্রহকে উৎসাহিত করার জন্য মনোযোগ আকর্ষণকারী কার্যক্রমের অবতারণা |
| (d) সম্প্রসারণ | (iv) শিক্ষার্থীদের শিখনের ফলাফল বিচারকরণ |
| | (v) শিক্ষার্থীদের মৌলিক জ্ঞান প্রদানের জন্য ধারণা এবং তত্ত্বের গভীর আলোচনা |

*কোড* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (iii) | (ii) | (v) |
| (C) | (iii) | (ii) | (v) | (i) |
| (D) | (iii) | (ii) | (i) | (v) |

**21.** একই শ্রেণির একই বিষয়ের একই পরীক্ষায় দুজন শিক্ষার্থীর মধ্যে একজন পেয়েছে 45 ও দ্বিতীয় জন পেয়েছে 90। তাহলে বলা যায়—

(A) প্রথম জনের তুলনায় দ্বিতীয় জনের দক্ষতা দ্বিগুণ

(B) প্রথম জনের তুলনায় দ্বিতীয় জনের জ্ঞান দ্বিগুণ

(C) দ্বিতীয় জন প্রথম জনের অর্ধেক নম্বর পেয়েছে

(D) প্রথম জন দ্বিতীয় জনের থেকে 45 নম্বর কম পেয়েছে

# PART—A

## *Child Development & Pedagogy*

### *English Version*

**22. A child is repeatedly dismantling her toy gun and repeatedly assembling the parts for learning to make a complete toy gun. Which two of the given four learning theories are mainly involved in the process?**

| | | | |
|---|---|---|---|
| **(I)** | **Thorndike** | **(II)** | **Pavlov** |
| **(III)** | **Skinner** | **(IV)** | **Koffka & Köhler** |

**Choose the correct option:**

(A) (I) and (II)  (B) (II) and (III)

(C) (III) and (IV)  (D) (I) and (IV)

**23. Match *List-I* with *List-II*:**

| *List-I* (*Cognitive Development Concepts*) | | *List-II* (*Descriptions*) | |
|---|---|---|---|
| **(a)** | **Schema** | **(i)** | **Modifying existing mental structures to incorporate new information** |
| **(b)** | **Assimilation** | **(ii)** | **An organized pattern of thought** |
| **(c)** | **Accommodation** | **(iii)** | **Achieving cognitive balance through adaptation and adjustment** |
| **(d)** | **Equilibration** | **(iv)** | **Fitting new information into existing mental structures** |

**Which of the four options is correct?**

*Codes*:

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (ii) | (i) | (iii) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (ii) | (iv) | (iii) | (i) |

**24. Which of the following statements does not match with the concept of pedagogy?**

(A) Pedagogy is related to the needs of the learners

(B) Pedagogy is indifferent to the context of cultural influence

(C) Pedagogy changes with the change in the curriculum

(D) Pedagogy is evolving in nature

**25. In the revision of Bloom's taxonomy of instructional objectives in cognitive domain, the included and replaced items are respectively—**

(A) Attitude, Understanding

(B) Synthesis, Valuing

(C) Synthesis, Creating

(D) Creating, Synthesis

### *Bengali Version*

**22.** একটি সম্পূর্ণ খেলনা বন্দুক তৈরি করতে শেখার জন্য একটি শিশু একটি খেলনা বন্দুকের অংশগুলি পুনঃপুনঃ খুলছে এবং পুনঃপুনঃ জোড়া লাগাচ্ছে। নিম্নের চারটি শিখনের তত্ত্বের মধ্যে কোন্ দুটি প্রধানত এই শিখন প্রক্রিয়ার সঙ্গে যুক্ত?

| | | | |
|---|---|---|---|
| **(I)** | থর্নডাইক | **(II)** | প্যাভলভ |
| **(III)** | স্কিনার | **(IV)** | কফকা ও কোহ্লার |

সঠিক উত্তরটি বেছে নিন:

(A) (I) ও (II)  (B) (II) ও (III)

(C) (III) ও (IV)  (D) (I) ও (IV)

**23.** নীচের *তালিকা I*-কে *তালিকা II*-এর সঙ্গে মেলান :

| *তালিকা-I* (*জ্ঞানমূলক বিকাশ সংক্রান্ত ধারণাসমূহ*) | | *তালিকা-II* (*বিবরণসমূহ*) | |
|---|---|---|---|
| **(a)** | স্কিমা | **(i)** | নতুন তথ্য অন্তর্ভুক্তিকরণের জন্য বিদ্যমান মানসিক কাঠামোর প্রাসঙ্গিক পরিমার্জন |
| **(b)** | আত্তীকরণ | **(ii)** | চিন্তার একটি সংগঠিত নিদর্শন |
| **(c)** | সহযোজন | **(iii)** | অভিযোজন এবং সংগতিবিধানের মাধ্যমে জ্ঞানমূলক ভারসাম্য অর্জন |
| **(d)** | সাম্যাবস্থা | **(iv)** | বিদ্যমান মানসিক কাঠামোয় নতুন তথ্যের স্থাপনা |

নীচের চারটি উত্তরের মধ্যে কোন্‌টি সঠিক?

*কোড* :

| | (a) | (b) | (c) | (d) |
|---|---|---|---|---|
| (A) | (i) | (ii) | (iii) | (iv) |
| (B) | (iv) | (ii) | (i) | (iii) |
| (C) | (ii) | (iv) | (i) | (iii) |
| (D) | (ii) | (iv) | (iii) | (i) |

**24.** নীচের উক্তিগুলির কোন্‌টি 'পেডাগজি'র ধারণার সঙ্গে সম্পর্কিত নয়?

(A) পেডাগজি শিক্ষার্থীর চাহিদার সঙ্গে সম্পর্কযুক্ত

(B) পেডাগজি সাংস্কৃতিক প্রভাবের প্রেক্ষিতের প্রতি উদাসীন

(C) পাঠক্রম পরিবর্তনের সঙ্গে সঙ্গে পেডাগজি পরিবর্তিত হয়

(D) পেডাগজি হল প্রকৃতিগতভাবে বিবর্তনশীল

**25.** ব্লুমের নির্দেশমূলক উদ্দেশ্যের সংশোধনে জ্ঞানমূলক ক্ষেত্রে সংযুক্ত ও বিযুক্ত বিষয়গুলি হল—

(A) দৃষ্টিভঙ্গি, বোধ

(B) সংশ্লেষণ, মূল্যায়ন

(C) সংশ্লেষণ, উদ্ভাবন

(D) উদ্ভাবন, সংশ্লেষণ

## PART—A

### *Child Development & Pedagogy*

*English Version*

**26. Which approach is inappropriate to Constructivist views?**

(A) Discovering something from empirical engagement

(B) Cooperation in group learning

(C) Provoking to acknowledge multiple perspectives of an objective phenomenon

(D) Memorising a singular interpretation

**27. A teacher identifies the difficulty in pronunciation of a child while reading English prose loudly. This may be called—**

(A) Assessment of learning (B) Assessment for learning

(C) Summative evaluation (D) Diagnostic testing

**28. One of the major objectives of microteaching in Teacher Training Institutes is—**

(A) to give an idea of teaching skills

(B) to give the concept of repeated teaching

(C) to master the subject of teaching

(D) to integrate the skills of teaching

**29. Teacher is not following the maxims of teaching when she/he—**

(A) teaches humanity first, then about human beings

(B) shows the picture of dogs first, then that of bears

(C) shows garden first, then its plants

(D) helps to form concept on the basis of common characteristics

**30. List of experiences:**

**(I) Dramatized Experiences**

**(II) Demonstration**

**(III) Contrieved Experiences**

**(IV) Direct Purposeful Experiences**

**According to the Cone of Experiences of Edgar Dale, the topmost four experiences in ascending order are —**

(A) (I), (II), (III), (IV)

(B) (III), (II), (I), (IV)

(C) (II), (I), (III), (IV)

(D) (IV), (III), (I), (II)

*Bengali Version*

**26.** নির্মিতিবাদের দৃষ্টিকোণ থেকে কোন্‌টি অনুপযুক্ত?

(A) পরীক্ষামূলক কাজের দ্বারা কিছু আবিষ্কার

(B) দলগত শিখনে সহযোগিতা

(C) কোনো নৈর্ব্যক্তিক ঘটনাকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহিত করা

(D) কোনো একটি বিশেষ ব্যাখ্যা মুখস্থ করা

**27.** ইংরেজি গদ্য উচ্চস্বরে পড়বার সময় শিক্ষিকা/শিক্ষক শিশুর উচ্চারণের অসুবিধা শনাক্ত করেন। এটিকে বলা যেতে পারে—

(A) শিখনের অ্যাসেসমেন্ট (B) শিখনের জন্য অ্যাসেসমেন্ট

(C) চূড়ান্ত মূল্যায়ন (D) নির্ণায়ক অভীক্ষা

**28.** শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে অনুশিক্ষণের মুখ্য উদ্দেশ্যগুলির মধ্যে অন্যতম একটি হল—

(A) শিক্ষণ দক্ষতা সম্পর্কে ধারণা প্রদান

(B) পুনঃশিক্ষণের ধারণা প্রদান

(C) শিক্ষণের বিষয়ে পাণ্ডিত্য অর্জন করা

(D) শিক্ষণদক্ষতা সমূহের সংযুক্তিকরণ করা

**29.** শিক্ষিকা/শিক্ষক শিক্ষণের নীতি অনুসরণ করেন না যখন তিনি—

(A) প্রথমে মনুষ্যত্ব, পরে মানুষের ধারণা দেন

(B) প্রথমে কুকুরের ছবি দেখান এবং পরে ভালুকের ছবি দেখান

(C) প্রথমে বাগান দেখান, পরে গাছপালা

(D) সাধারণ বৈশিষ্ট্যসমূহের ভিত্তিতে ধারণা গঠনে সাহায্য করেন

**30.** অভিজ্ঞতার তালিকা:

**(I)** নাটক-লব্ধ অভিজ্ঞতা

**(II)** প্রতিপাদন

**(III)** নকল অভিজ্ঞতা

**(IV)** প্রত্যক্ষ উদ্দেশ্যমূলক অভিজ্ঞতা

এডগার ডেলের অভিজ্ঞতা শঙ্কুর সর্বোচ্চ চারটি অভিজ্ঞতা ঊর্ধ্বক্রমে—

(A) (I), (II), (III), (IV)

(B) (III), (II), (I), (IV)

(C) (II), (I), (III), (IV)

(D) (IV), (III), (I), (II)

## PART – B

### *Language–I — Bengali*

**নির্দেশ ঃ নিম্নলিখিত গদ্যাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (31 থেকে 39 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন ঃ**

সকাল থেকে অবিশ্রাম বৃষ্টি ঝরছে। একই তালে, ঝর্‌ঝর্‌ ঝম্‌ঝম্‌। স্থির অচঞ্চল ধারা। এতটুকু চপলতা নেই কোথাও। স্তব্ধ গম্ভীর ছন্দ। চোখের সামনে ঘনসবুজ বকুলগাছ, মনে হচ্ছে যেন সাদা সুতোর ঝালর ঝুলিয়ে ঢেকে রেখেছে কেউ তাকে। জানালার পাশে খাটটাতে পড়ে আছি অসহায়ের মতো। অনুজ্জ্বল দিনের গভীর বিমর্ষতা ভারী করে তোলে মন। ভাবি, শান্তিনিকেতনের বর্ষা মনকে কেমন বাইরে টেনে নেয়; আর এখানে আরো মনকে ধাক্কা মেরে ঘরের ভিতরে ঢোকায়। কেন এমন হয়?

বর্ষা দেখেছি ছেলেবেলায়, বিক্রমপুরে মামাবাড়িতে। আষাঢ়ে মেঘ আকাশে ভাঙতেই হৈহৈ লেগে যেত প্রতি ঘরে। হাত-দা হাতে ছেলেরা ছুটত বাঁশ-ঝাড়ে — সাঁকো বাঁধতে হবে উঠোন জুড়ে। মেয়েরা তুলে রাখত মাচায় শুকনো জ্বালানি কাঠ। চালের মটকা, মুড়ি-মুড়কির টিন ওঠাত 'কার'এ, ধরাধরি করে। দিদিমা হাঁকতেন নীচে দাঁড়িয়ে, 'কাঠের পাটাতন বেঁকে উঠল, আর ভার তুলো না উপরে। ঠাকুর না করুন, জলের তেমন গতিক দেখলে আমাদেরও উঠতে হবে ওখানে।' মামী জানান, 'পশ্চিম-ভিটের রান্নাঘরের পিছনের পইঠা কেমন শেওলা-ধরা, এবারকার ধাক্কা সয় কি না সয় সন্দেহ।' তাড়াতাড়ি বেড়া বেঁধে বাঁধ দেন মামা তাতে। এই বর্ষাটা কোনোমতে কাটানো দিয়ে কথা। কলাগাছে চিহ্ন রাখেন মা নিজের হাতে; বলেন 'জল এসে গেলে তো আর হুঁশ থাকবে না কারো; এই-এই গাছগুলো কাটবে ভেলা বানাতে। খবরদার, আমার বীচেকলার ঝোপে হাত দিয়ো না যেন কেউ। সেবার মুনশীগঞ্জ থেকে এনেছিলাম কত কষ্ট করে।' ব্যস্ততার সীমা নেই কারো। তিন মাসের মতো জীবনধারণের সব-কিছু উপকরণ মজুত রাখতে হবে ঘরে। তৈরি হয় বাজারের ফর্দ — তেল নুন মসলাপাতির। শেষ বারের মতো রোদে পড়ে তোশক বালিশ, ক্ষারে সিদ্ধ হয় কাঁথা কাপড়।

আমরা ছোটোরা বসে যাই দিদিমার সঙ্গে — গলানো গন্ধকের বাটিতে পাট-কাঠির ডগা ডুবিয়ে গোছা গোছা দেশলাই বানাতে। মালসায় জিয়নো দিনে-রাতের তুষের আগুন, তাতে কাঠি ছোঁয়াই কি জ্বলে ওঠে। কথায়-কথায় পাওয়া যেত না তখনকার দিনে, দূর গাঁয়ে দু-পয়সা চার-পয়সা দিয়ে ছোটো ছোটো নীল রঙের দেশলাইয়ের বাক্স।

সব-কিছু গুছিয়ে উঠতে-না-উঠতে দেখা যেত, একদিন বর্ষার উপচে-ওঠা জল অকস্মাৎ নদী-নালা ভাসিয়ে এসে ঢুকল গাঁয়ে। ডোবাল পথঘাট খালবিল ধানখেত পাটখেত বেতঝোপ; ডোবাল হিজল-মাদারের বুক, গোয়ালঘরের চাল, মণ্ডপের কোল, তুলসীর মঞ্চ। পথে পর পর তিন হাত চার হাত অন্তর কঞ্চি পুঁতে রাখি; হুহু করে জল এগিয়ে আসে, মুহুর্মুহু ছুটে গিয়ে দিদিমাকে খবর দিই, 'ও দিদিমা, তিনটে কাঠি ডুবল;' 'ও দিদিমা, চারেরটাও ডুবল'; 'ও দিদিমা গো, ছয়, সাত, আটেরটাও যে ডুবল দেখি।' ছুটোছুটির বিরাম নেই। দিদিমাকে খবরটা দিয়ে আসতে-না-আসতে আবার একটা ডোবে, আবার ছুটি। দেখতে দেখতে সব ছাপিয়ে সবশেষে জল উঠে এল গৃহলক্ষ্মীর নিপুণ হাতে নিত্য-লেপা সাদামাটির আঙিনায়।

ভিটেয় ভিটেয় ঘর। এ-ঘরে ও-ঘরে যেতে সাঁকোয় চড়ি, নৌকোয় চড়ি, নয় কলার ভেলায় ভাসি, আর আহ্লাদে হেসে লুটোপুটি খাই।

রুপো-গলানো সাদা জল ঝিলিমিলি খেলে সবুজ ঝোপঝাড়ের ফাঁকে — দিক হতে দিগন্তে। নদীর মাছ নির্ভয়ে এসে খেলে যায় খোলা অঙ্গনে; জোড়া শোল ঘুরে বেড়ায় নতুন জলে সদ্যফোটা লক্ষ বাচ্চা সঙ্গে নিয়ে। মন ঘুরে বেড়ায় তাদের সঙ্গে। উঁচু মাটির দাওয়ায় বসে মুগ্ধনয়নে অপরূপ শোভা দেখি বর্ষার— আপন মনে, রাতে দিনে।

বড়ো হয়ে এলাম বীরভূমে— শক্ত মাটি, রক্ত খোয়াই, রুক্ষ দিগন্ত। গুরু গুরু দুন্দুভি বাজিয়ে কালো মেঘ ঘনিয়ে এল তালগাছের মাথায়। যেন দেবরাজ ইন্দ্র এসে বসলেন তাঁর রাজদরবারে, সভা জাঁকিয়ে। নিমেষে ভেসে গেল বালিমাটির পথ, শিমুলগাছের তলা, 'প্রান্তিকে'র সবুজ মাঠ। তার উপরে রোদের আলো সোনালি ঝিলিক খেলিয়ে যায় যখন, পাগল হয়ে বেরিয়ে আসি ঘর হতে বাইরে। ঝাঁপিয়ে পড়ি ঐ ঊষর-প্রান্তর-ধোয়া শুষ্ক খোয়াইর বুক চিরে যে রসের ধারা উল্লাসে ছুটছে, তারই কোলে।

**31.** 'ব্যস্ততার সীমা নেই কারো।'
'ব্যস্ততা'র বিপরীতার্থক শব্দটি হল—

(A) অস্থিরতা (B) ব্যগ্রতা
(C) ব্যাকুলতা (D) শ্রমবিমুখতা

**32.** 'দেখতে দেখতে সব ছাপিয়ে সবশেষে জল উঠে এল গৃহলক্ষ্মীর নিপুণ হাতে নিত্য-লেপা সাদামাটির আঙিনায়।'
নিম্নরেখাঙ্কিত পদটির অর্থ—

(A) মঞ্চে (B) 'কার'-এ
(C) প্রাঙ্গণে (D) প্রান্তরে

**33.** 'তিন মাসের মতো জীবনধারণের সব-কিছু উপকরণ মজুত রাখতে হবে ঘরে।'
উদ্ধৃতাংশে 'রাখতে হবে' নীচের যেটির উদাহরণ—

(A) যুক্ত ক্রিয়া (B) মিশ্র ক্রিয়া
(C) যৌগিক ক্রিয়া (D) পঙ্গু ক্রিয়া

**34.** 'পশ্চিম-ভিটের রান্নাঘরের পিছনের পইঠা কেমন শেওলা-ধরা, এবারকার ধাক্কা সয় কি না সয় সন্দেহ।'
উদ্ধৃতাংশে 'পইঠা' শব্দের অর্থ—

(A) পাষাণ (B) সোপান
(C) পসরা (D) সিঁধ

**35.** 'দিদিমাকে খবরটা দিয়ে আসতে-না-আসতে আবার একটা ডোবে, আবার ছুটি।'
বাক্যটিতে গৌণকর্মটি হল—

(A) খবরটা (B) দিদিমাকে
(C) ছুটি (D) একটা

**36.** কথকের মা যে কলাগাছগুলিকে চিহ্নিত করেছেন, সেগুলি যে কাজে লাগবে—

(A) সাঁকো তৈরি করতে (B) বেড়া বাঁধতে
(C) ভেলা বানাতে (D) নৌকা তৈরি করতে

**37.** 'সকাল থেকে অবিশ্রাম বৃষ্টি ঝরছে। একই তালে, ঝর্‌ঝর্‌, ঝম্‌ঝম্‌।'
উদ্ধৃত অংশে 'ঝর্‌ঝর্‌, ঝম্‌ঝম্‌' ব্যবহৃত হয়েছে বৃষ্টির—

(A) ঈষদুনতা বোঝাতে (B) আশঙ্কা বোঝাতে
(C) তীব্রতা বোঝাতে (D) স্থায়িত্ব বোঝাতে

**38.** শুদ্ধ বানানটি হল—

(A) মুহুর্মুহূ (B) মুহূর্মুহূ
(C) মুহুর্মুহু (D) মুহূর্মুহু

**39.** 'ভিটেয় __________ ঘর।'
শূন্যস্থানে বসবে—

(A) মাচায় (B) দাওয়ায়
(C) ভিটেয় (D) দালানে

## *Language–I — Bengali*

**নির্দেশ ঃ নিম্নলিখিত কবিতাংশটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (40 থেকে 45 নম্বর প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন ঃ**

বাংলার অঙ্গনেতে বাজায়েছ নটেশের রঙ্গমল্লী গাঁথা
অশান্ত সন্তান ওগো,—বিপ্লবিনী পদ্মা ছিল তব নদী-মাতা।
কালবৈশাখীর দোলা অনিবার দুলাইত রক্তপুঞ্জ তব
উত্তাল উর্মির তালে,—বক্ষে তব লক্ষ কোটি পন্নগ-উৎসব
উদ্যত ফণার নৃত্যে আস্ফালিত ধূর্জটির কণ্ঠ-নাগ জিনি,
ত্র্যম্বক-পিনাকে তব শঙ্কাকুল ছিল সদা শক্র-অক্ষৌহিণী।
স্পর্শে তব পুরোহিত, ক্লেদে প্রাণ নিমেষেতে উঠিত সঞ্চারি,
এসেছিলে বিষ্ণুচক্র মর্মন্তুদ,—ক্লৈব্যের সংহারী।
ভেঙেছিলে বাঙালির সর্বনাশী সুষুপ্তির ঘোর,
ভেঙেছিলে ধূলিশ্লিষ্ট শঙ্কিতের শৃঙ্খলের ডোর,
ভেঙেছিলে বিলাসের সুরাভাণ্ড তীব্র দর্পে,—বৈরাগের রাগে,
দাঁড়ালে সন্ন্যাসী যবে প্রাচীমঞ্চে— পৃথ্বী-পুরোভাগে।
নবীন শাক্যের বেশে, কটাক্ষেতে কাম্য পরিহরি
ভাসিয়া চলিলে তুমি ভারতের ভাবগঙ্গোত্তরী
আর্ত অস্পৃশ্যের তরে, পৃথিবীর পঞ্চমার লাগি;
বাদলের মন্দ্র-সম মন্ত্র তব দিকে-দিকে তুলিলে বৈরাগী।
এনেছিলে সঙ্গে করি অবিশ্রাম প্লাবনের দুন্দুভিনিনাদ,
শান্তিপ্রিয় মুমূর্ষুর শ্মশানেতে এনেছিলে আহব-সংবাদ,
গাণ্ডীবের টঙ্কারেতে মুহুর্মুহু বলেছিলে,—'আছি, আমি আছি!
কল্পশেষে ভারতের কুরুক্ষেত্রে আসিয়াছি নব সব্যসাচী।'
ছিলে তুমি দধীচির অস্থিময় বাসবের দম্ভোলির সম,
অলঙ্ঘ্য, অজেয়, ওগো লোকোত্তর, পুরুষোত্তম।
ছিলে তুমি রুদ্রের ডম্বরুরূপে, বৈষ্ণবের গুপীযন্ত্র মাঝে,
অহিংসার তপোবনে তুমি ছিলে চক্রবর্তী ক্ষত্রিয়ের সাজে—
অক্ষয় কবচধারী শালপ্রাংশু রক্ষকের বেশে।
ফেরুকুল-সঙ্কুলিত উঞ্ছবৃত্তি ভিক্ষুকের দেশে
ছিলে তুমি সিংহশিশু, যোজনান্ত বিহরি একাকী
স্তব্ধ শিলাসন্ধিতলে ঘন-ঘন গর্জনের প্রতিধ্বনি মাখি।
ছিলে তুমি নীরবতা-নিষ্পেষিত নির্জীবের নিদ্রিত শিয়রে
উন্মত্ত ঝটিকাসম, বহ্নিমান বিপ্লবের ঘোরে;
শক্তিশেল অপঘাতে দেশবক্ষে রোমাঞ্চিত বেদনার ধ্বনি
ঘুচাতে আসিয়াছিলে মৃত্যুঞ্জয়ী বিশল্যকরণী।
ছিলে তুমি ভারতের অমাময় স্পন্দহীন বিহ্বল শ্মশানে
শব-সাধকের বেশে,—সঞ্জীবনী অমৃত সন্ধানে।
রণনে রঞ্জনে তব হে বাউল, মন্ত্রমুগ্ধ ভারত, ভারতী;
কলাবিৎ সম হায় তুমি শুধু দগ্ধ হলে দেশ-অধিপতি।
বিধিবশে দূরাগত বন্ধু আজ, ভেঙে গেছে বসুধা-নির্মোক,
অন্ধকার দিবাভাগে বাজে তাই কাজরীর শ্লোক।
মল্লারে কাঁদিছে আজ বিমানের বৃন্তহারা মেঘছত্রীদল,
গিরিতটে, ভূমিগর্ভ ছায়াচ্ছন্ন,—উচ্ছ্বাসউচ্ছল।
যৌবনের জলরঙ্গ এসেছিল ঘনস্বনে দরিয়ার দেশে,
তৃষ্ণাপাংশু অধরেতে এসেছিল ভোগবতী ধারার আশ্লেষে।
অর্চনার হোমকুণ্ডে হবি-সম প্রাণবিন্দু বারংবার ঢালি,
বামদেবতার পদে অকাতরে দিয়ে গেল মেধ্য হিয়া ডালি।
গৌরকান্তি শঙ্করের অম্বিকার বেদীতলে একা
চুপে-চুপে রেখে এল পুঞ্জীভূত রক্তস্রোত-রেখা।

**40.** পদাতিক, অশ্ব, হস্তী, রথ সমন্বিত সেনাবাহিনী হল—
(A) অক্ষৌহিণী
(B) চতুরঙ্গ
(C) ব্যূহ
(D) চক্র

**41.** 'ভেঙেছিলে ধূলিশ্লিষ্ট শঙ্কিতের শৃঙ্খলের ডোর,'
'শৃঙ্খল' যার সন্ধিবদ্ধ রূপ—
(A) শৃঙ্গ + খল
(B) শৃঙ + খল
(C) শৃম্ + খল
(D) শৃ + ঙ্খল

**42.** 'শান্তিপ্রিয় মুমূর্ষুর শ্মশানেতে এনেছিলে আহব-সংবাদ,'
'আহব'-এর বিপরীতার্থক শব্দটি হল—
(A) যুদ্ধ
(B) বিরাম
(C) স্বাধীনতা
(D) শান্তি

**43.** 'উত্তাল উর্মির তালে,—বক্ষে তব লক্ষ কোটি পন্নগ-উৎসব'
'পন্নগ'-এর একটি অর্থ—
(A) ভুজঙ্গ
(B) তরঙ্গ
(C) মৃদঙ্গ
(D) সুড়ঙ্গ

**44.** 'ছিলে তুমি ভারতের অমাময় স্পন্দহীন বিহ্বল শ্মশানে'—
'তুমি' যে ধরনের সর্বনাম—
(A) নির্দেশক সর্বনাম
(B) ব্যক্তিবাচক সর্বনাম
(C) সংযোগবাচক সর্বনাম
(D) অন্যাদিবাচক সর্বনাম

**45.** 'গিরিতটে, ভূমিগর্ভ ছায়াচ্ছন্ন,—উচ্ছ্বাসউচ্ছল।'
'উচ্ছ্বাসউচ্ছল'-এর বর্ণবিশ্লেষণ করলে পাই—
(A) উ + চ্ + ছ্ + ব্ + আ + স্ + অ + উ + চ্ + ছ্ + অ + ল্ + অ
(B) উ + চ্ + ছ্ + আ + স্ + উ + চ + ছ্ + ল্
(C) উ + চ্ + ছ্ + আ + স্ + উ + চ্ + ছ্ + ল্
(D) উ + চ্ + ছ্ + ব্ + আ + স্ + উ + চ্ + ছ্ + ল্

**46.** নীচের যেটি মৌলিক স্বরধ্বনি নয়, সেটি চিহ্নিত করুন—
(A) ই
(B) এ
(C) অ্যা
(D) উ

**47.** নীচের সঠিক জোড়টি পছন্দ করুন—
(A) আপন—নিজ
আপণ—দোকান
(B) অর্ঘ—পূজার উপকরণ
অর্ঘ্য—মূল্য
(C) বান—শর
বাণ—বন্যা
(D) কাঁচা—জলে ধুয়ে নেওয়া
কাচা—অপক্ব

**48.** 'যা বলা হবে'— এটিকে এককথায় প্রকাশ করলে হবে—
(A) বক্ষমান
(B) বক্ষমাণ
(C) বক্ষ্যমাণ
(D) বক্ষ্যমান

## PART – B
### *Language-I — Bengali*

49. নীচের গুচ্ছগুলির মধ্যে যেটির সব ধ্বনিই অল্পপ্রাণ, সেটি চিহ্নিত করুন—

(A) র্, ল্, শ্, স্ (B) ক্, ঘ, চ্, জ্
(C) গ্, ছ্, ট্, ড্ (D) ঝ্, ত্, র্, ল্

50. LAD-এর পূর্ণ রূপটি হল—

(A) Learning Associative Device
(B) Learner Acquisition Device
(C) Language Acquisition Device
(D) Language Accommodative Device

51. একজন বাঙালি চেন্নাইয়ে ছ'মাস থাকলেন, এবং সর্বত্র তামিল ভাষা শুনলেন। এরপর তামিল বর্ণমালার সঙ্গে পরিচয় না ঘটলেও তিনি তামিল বুঝতে ও বলতে পারলেন।

তাঁর এই তামিল ভাষা শিক্ষাকে আমরা বলব—

(A) Adaptation (B) Association
(C) Acquisition (D) Learning

52. 'পৃথিবী' শব্দটির বর্ণবিশ্লেষণ করলে শূন্যস্থানে যে বর্ণটি বসবে—

প্ + □ + থ্ + ই + ব্ + ঈ

(A) ই (B) ঈ
(C) র (D) ঋ

53. চতুর্থ শ্রেণিতে বাংলা ব্যাকরণ পাঠ বিনিময়ের সময়ে একজন শিক্ষিকা/ শিক্ষক প্রথমে উদাহরণ দিলেন, এবং তার উপর আলোচনা করলেন। সবশেষে তিনি ছাত্রদের সহযোগিতায় সংজ্ঞার্থ গঠন করলেন।

এক্ষেত্রে তিনি যে পদ্ধতি ব্যবহার করলেন, সেটি হল—

(A) অবরোহী পদ্ধতি (B) আরোহী পদ্ধতি
(C) প্রদর্শন পদ্ধতি (D) অনুবন্ধন পদ্ধতি

54. কোনো একটি পাঠ-আলোচনায় শিক্ষিকা/শিক্ষক 'তৃষ্ণা' শব্দের সমার্থক শব্দ হিসেবে নীচের যে শব্দটি লিখবেন না—

(A) পিয়াসা (B) উদন্যা
(C) অনুতর্ষ (D) প্রসূন

55. 'ধানসমেত খড়ের গাদা'কে এককথায় বলা হয়—

(A) পাথেয় (B) পাথালি
(C) পারানি (D) পালুই

56. চতুর্থ শ্রেণিতে বাংলা বানান শেখানোর সর্বোত্তম পদ্ধতিটি হল, শিক্ষার্থীদের—

(A) বানান মুখস্থ করানো
(B) শুদ্ধ বানান লিখতে শেখানো
(C) শুদ্ধ বাংলা ভাষা পড়ার অভ্যাস গড়ে তোলা
(D) শুদ্ধ বাংলা ভাষা পড়া এবং লেখার অভ্যাস গড়ে তোলা

57. মকর > মগর হল—

(A) বর্ণবিপর্যয়ের উদাহরণ (B) ঘোষীভবনের উদাহরণ
(C) উষ্মীভবনের উদাহরণ (D) তালব্যীভবনের উদাহরণ

58. দলগত শিখনের জন্য দল গঠনের ক্ষেত্রে আপনার দৃষ্টিভঙ্গি হবে—

(A) সব ভালো ছাত্রছাত্রীকে একই দলে রাখা
(B) সব পিছিয়ে পড়া ছাত্রছাত্রীকে এক দলে রাখা
(C) এগিয়ে থাকা এবং পিছিয়ে পড়া ছাত্রছাত্রীর মিশ্রণে দল গঠন করা
(D) এগিয়ে থাকা এবং পিছিয়ে পড়া ছাত্রছাত্রীর সামঞ্জস্যপূর্ণ মিশ্রণে দল গঠন করা

59. চতুর্থ শ্রেণিতে শিক্ষার্থীদের সাহিত্যমূল্য উপলব্ধির ক্ষেত্রে নিম্নোক্ত যে পদ্ধতিটি আপনি গ্রহণ করবেন—

(A) সরব পাঠ
(B) নীরব পাঠ
(C) কবি পরিচিতি
(D) কবিতার বিষয়বস্তুর উভমুখী আলোচনা

60. নীচের কোন্‌টি 'সকাল' শব্দের সমার্থক শব্দ নয়?

(A) প্রভাত (B) বিহান
(C) ফজর (D) ত্রিযামা

## PART – C
### *Language–II — English*

**Read the following passage carefully and answer Question nos. 61-69.**

In what was surely an understatement, 2023 physics laureate Anne L' Huillier described herself "a little bit busy" when Adam Smith reached her a couple of hours after she had received the news. In this brief call, she describes how special it feels to receive the prize and how her research into the overtones of light, which she revealed in the 1980s, continues to excite her.

**Interview transcript:**

Anne L' Huillier : Hello?

Adam Smith : Hello, this is Adam Smith calling from nobelprize.org, am I speaking with Anne L' Huillier?

Anne L' Huillier : Yes, but I am a little bit busy now.

Adam Smith : I can well imagine, and I promise not to keep you on the phone for more than two or three minutes.

Anne L' Huillier : Ok.

Adam Smith : Thank you very much. I gather that you were teaching when you heard that you had won the Nobel Prize and I just wanted to know what your students thought of this news?

Anne L' Huillier : I think they were very happy.

Adam Smith : Of course.

Anne L' Huillier : It was really fun, let's put it this way!

Adam Smith : It must have changed the lesson.

Anne L' Huillier : Yes, but I tried to, I continued my lecture.

Adam Smith : That shows tremendous presence of mind. I gather that it must all be a fairly overwhelming thing to happen, and you're deluged. But I suppose, I mean, I recall that you were on the Nobel Committee until what, 2015, so you know all the behind the scenes stuff, you know what led to this. Does that, in some way, make it even more special that you know how...

Anne L' Huillier : Yes, yes, it definitely does and I know what is it to get a Nobel Prize, it's extremely difficult, and I know the work behind, which is done by the committee, so I am very, very grateful.

Adam Smith : Of course, may I just ask you about the, you know, just about the thrill of studying these sort of secret slides of light, the overtone you're able to create. It was almost forty years ago, I guess, that you were switched on to this. What is it that makes it just so thrilling to study?

Anne L' Huillier : This is a basic research, I don't know, this was new, it was not expected, and not predicted. The understanding, took some time, took several years. So it was very interesting to study and to try to understand more, and then later on, many years after, look for applications and explore new things with it.

Adam Smith : It seems such a wonderful combination of the head and the hands, if you like, the complexity of the theory and the practicality producing these exquisitely sensitive pieces of apparatus.

Anne L' Huillier : Yes, I mean this is what makes the field so, so exciting and even now, thirty years afterwards, we are still learning new things, we are still trying to improve the process in order for some applications, so it is complex physics, but that makes it very, very interesting.

Adam Smith : Of course, thank you very much indeed, and thank you so much for speaking to me in the midst of all this. Congratulations again.

Anne L' Huillier : Thank you!

**61. 'It seems such a wonderful combination of the head and the hands.' Use of head and hands pedagogically refers to—**

(A) rote learning
(B) learning by thinking
(C) learning by thinking and doing
(D) learning by doing

**62. 'Deluged' as given in the passage is a/an—**

(A) verb
(B) adverb
(C) preposition
(D) interjection

**63. 'Overtone' as used in the passage refers to—**

(A) any frequency lower than the fundamental frequency
(B) any frequency higher than the fundamental frequency
(C) any frequency equivalent in range to the fundamental frequency
(D) any frequency that is not at all related to the fundamental frequency

**64. The phrase 'behind the scenes' refers to work done—**

(A) publicly
(B) overtly
(C) surreptitiously
(D) unreservedly

**65. "... it was not expected and not predicted." Choose the correct alternative for the above expression—**

(A) It was neither expected nor predicted
(B) It was unexpected and predicted
(C) It wasn't expected but predicted
(D) It was either expected or predicted

## PART – C
### *Language–II — English*

**66. In the brief telephonic conversation, Adam Smith stated that Anne L' Huillier must have felt that—**

(A) it is a regular humdrum affair to receive the prize
(B) she was overwhelmed on receiving the prize
(C) receiving the prize was a very mundane affair
(D) receiving the prize made her feel disturbed

**67. "... explore new things with it." Exploration -based learning helps children learn through—**

(A) excursion (B) reflection
(C) rote memorisation (D) curiosity and inquiry

**68. Statement I : I understand that you were taking a class when you heard that you have received the Nobel Prize.**

**Statement II: I comprehend that you were teaching your students when you learnt of having received the Nobel Prize.**

(A) Statements I and II are false
(B) Statement I is false and Statement II is true
(C) Statements I and II are true
(D) Statement I is true and Statement II is false

**69. "I recall that you were on the Nobel Committee," the correct alternative of voice change of the given line should read as—**

(A) It is being recalled by me that you are on the Nobel Committee
(B) It was being recalled by me that you were on the Nobel Committee
(C) It is recalled by me that you were on the Nobel Committee
(D) It was recalled by me that you are on the Nobel Committee

**Read the following passage carefully and answer Question nos. 70-79.**

There was once a herdsman, a lad of 14 years, who grew bored while watching over the village sheep. He wanted to make things more exciting. So, he yelled out that wolves had come over and were attacking the sheep. All the villagers came running to drive the wolves away. However, on arriving, they spotted no wolf. The lad was amused but the villagers were not. They told him not to do it again. Shortly after, he repeated this antic. The villagers came running again, only to find that he was lying blatantly. This made them furious and they left, warning him of dire consequences.

A few days later, the lad actually spotted a wolf sneaking amongst the flock. He jumped up and called out for help. But none turned up because they felt that he was still joking and trying to fool them. At sunset, when the lad did not return, the villagers started looking for the boy. They found him sitting on a hillock, crying dejectedly. He told them that a wolf had really come and attacked the sheep. An old man came forward to comfort him and told him that none would believe a liar even when they were being honest. And the liar has to bear the brunt of his action.

**70. Statement I : No one rushed to the lad's aid as they felt he was fooling them.**

**Statement II: No one turned up to help the lad as they were tired of his antics.**

(A) Statements I and II are true
(B) Statements I and II are false
(C) Statement I is false and Statement II is true
(D) Statement I is true and Statement II is false

**71. The herdsman tried to fool the villagers because—**

(A) he wanted to disturb them
